

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৭৬.২০১৭-২১৫

তারিখঃ ০৪ মাঘ ১৪২৪  
১৭ জানুয়ারি ২০১৮

বিষয় : রীট পিটিশন নং-১৭০৫৫/২০১৭, [ পিটিশনার জনাব আশরাফ আহমেদ পিতা-এ.কে. খলিল আহমেদ ১৬৬/১৬৭, শহীদ জনরুল ইসলাম স্বরনী, আল রাজি কমপ্লেক্স, ফ্লোর-৯, পুরান পল্টন, ঢাকা - বনাম - সরকার ও অন্যান্য ] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০১.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৮.১১.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, প্রয়াস সরিষার তৈল এর নমুনা বিএসটিআই কর্তৃক পরীক্ষা না করিয়ে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরীক্ষাগারে পরীক্ষায় ভেজাল বিবেচিত হওয়ার প্ররিশ্রেক্ষিতে সংশ্লিষ্ট আদালতে দায়েরকৃত মামলার প্রতিবেদন চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৭ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত আদেশ কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন এবং তর্কিত সংশ্লিষ্ট মামলা নং-৫৮/২০১৬ [স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, বিশুদ্ধ খাদ্য আদালত, ঢাকা] এর ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সিনিটোরী ইনসপেক্টর কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৬(ছয়) মাসের জন্য স্থগিত করেছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : কলের কপি।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।